প্রভৃতি যাহা কোটী কোটী জন্মে অনুষ্ঠিত হইয়াছে এবং কোটী কোটী জন্মে নানাপ্রকার যজ্ঞরাশি যাঁহারা অনুষ্ঠান করিয়াছেন, তাঁহাদেরই শ্রীমাধবে সম্যক্ ভক্তি উদয় হইয়া থাকে। এই শ্রীভগবদ্ভক্তিরই অবশ্যকর্ত্তব্যতা প্রথমস্কন্ধে সূত-শৌনক সংবাদে ব্যতিরেকমুখে বলা হইয়াছে। যথা—

ধর্ম্মঃ স্বনুষ্ঠিতঃ পুংসাং "এবং" যশঃশ্রিয়ামেব পরিশ্রমঃ পরঃ। ইত্যাদি শ্লোকে ॥ ৯৫ ॥

যচ্চ তত্র জ্ঞানমভিধীয়তে তদপি ভক্ত্যন্তর্ভূততয়ৈব লভ্যম্। যথা—পুরেহহ ভূমন্ বহবোহপি যোগিনস্তদর্পিতেহা নিজকর্ম্মলব্ধয়া। বিবুধ্য ভক্ত্যৈবকথোপনীতয়া প্রপেদিরেহঞ্জোহচ্যুত তে গতিং পরাম্ ॥ ৯৬ ॥

হে ভূমন্! ইহ লোকে পূর্ব্বং যোগিনোহপি সন্তঃ যোগৈর্জ্ঞানমপ্রাপ্য পশ্চাত্ত্বয়ি অর্পিতা লৌকিক্যপি চেষ্টা তথার্পিতানি যানি নিজানি কর্ম্মাণি তৈর্লব্ধয়া কথারুচিরূপয়া পুনশ্চ কথোপনীতয়া কথয়া ত্বৎসমীপং প্রাপিতয়া কথনীয়রুচিরূপয়া ভক্ত্যৈব অঞ্জঃ সুখেন বিবুধ্য আত্মতত্ত্বমারভ্যঃ শ্রীভগবত্তত্ত্বপর্য্যন্তমনুভূয় তব পরমান্তরঙ্গাং গতিং প্রাপ্তাঃ। শ্রীগীতোপনিষৎসু চ, অহং সর্ব্বস্য প্রভব ইত্যাদিভিঃ শুদ্ধাং ভক্তিং উপাদিশ্যাহ—তেষামেবানুকম্পার্থমহমজ্ঞানজং তমঃ। নাশয়াম্যাত্মভাবস্থো জ্ঞানদীপেন ভাস্বতেতি ॥ ১০। ১৪। ব্রহ্মা শ্রীভগবন্তম্ ॥ ৯৬ ॥

সেই শ্রীমদ্ভাগবতে মাঝে মাঝে যে জ্ঞান-সাধনের উপদেশ করা হইয়াছে, সেই জ্ঞানটিও ভক্তি-সাধনের অন্তর্ভূতরূপেই লাভ করিতে পারা যায়— এইরূপ ভাবেই উপদেশ করিয়াছেন। অর্থাৎ বিশুদ্ধাভক্তি সাধন না করিলে শ্রীমদ্ভাগবতে যে বিমল জ্ঞানের উপদেশ করা হইয়াছে, সেই জ্ঞানটি স্বতন্ত্রভাবে পাইবার কোন সম্ভাবনা নাই। যেমন ১০।৫৫।৫ শ্লোকে শ্রীব্রহ্মা শ্রীকৃষ্ণকে স্তুতিপ্রসঙ্গে বলিয়াছেন—হে ভূমন! অর্থাৎ স্বরূপ ও গুণে সর্ব্বথা পরিপূর্ণ। এই জগতে কোনও বস্তু স্বরূপে মহৎ অর্থাৎ বড় কিন্তু গুণে ছোট, আবার কোন বস্তু গুণে ছোট। যেমন আকাশ স্বরূপে বড়, কিন্তু গুণে একমাত্র শব্দগুণ। আবার পৃথিবী শব্দ স্পর্শ প্রভৃতি পঞ্চগুণে পূর্ণ, কিন্তু স্বরূপে ছোট। তেমনি পারমার্থিক জগতে নির্ব্বিশেষব্রহ্ম স্বরূপে সর্ব্বথা পূর্ণ কিন্তু গুণে হীন; অর্থাৎ প্রাকৃত বা অপ্রাকৃত কোনপ্রকার গুণই নির্ব্বিশেষ ব্রহ্মে নাই।

হে নাথ! তুমি যেমন স্বরূপে পূর্ণ, তেমনি স্বরূপভূত অপ্রাকৃত গুণরাশিতেও সর্ব্বথা পরিপূর্ণ। এই অভিপ্রায়েই শ্রীব্রহ্মা শ্রীকৃষ্ণকে "হে ভূমন" বলিয়া সম্বোধন করিয়াছেন। পূর্ব্বে ইহলোকে বহু বহু মহাত্মাগণ যোগসাধনে প্রবৃত্ত হইয়াও সেই যোগসাধন দ্বারা জ্ঞানলাভ করিতে না